যুগান্তর

তারিখ ... 15 FEB 2012 ...
পৃষ্ঠা ... ৩৪ কলাম ... ৫ ......

# শিক্ষক নিবন্ধন আইন কেন সংবিধান বহির্ভূত নয় : রুল

যুগান্তর রিপোর্ট

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও সনদ আইন-২০০৫ এবং এর অধীনে ২০০৬ সালে করা বিধিমালা কেন সংবিধানবহির্ভূত ও সংবিধানিকভাবে নিশ্চিত করা মৌলিক অধিকারের পরিপন্থী ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। বিচারপতি ফরিদ আহমদ ও বিচারপতি শেখ হাসান আরিফের বেঞ্চ এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে মঙ্গলবার এই রুল জারি করেন।

তিন সপ্তাহের মধ্যে আইন সচিব, শিক্ষা সচিব ও বেসরকারি শিক্ষক নিবন্ধন ও সনদ কর্তৃপক্ষের নির্বাহী বোর্ডের চেয়ারম্যানকে রুলের জবাব দিতে বলা হয়েছে। ২০০৬ সালের সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ মোঃ আনোয়ার হোসেন নামে এক চাকরিপ্রার্থী মঙ্গলবার সকালে রিট আবেদনটি দায়ের করেন।

রিট আবেদনে বলা হয়, যে কোন শিক্ষক পদে আবেদনের জন্য পূর্বশর্ত হিসাবে এমনিতেই শিক্ষাগত যোগ্যতা উল্লেখ থাকে। এরপরও এই আইনের মাধ্যমে নিবন্ধন পরীক্ষার নিয়ম করা হয়েছে। এই পরীক্ষাও চাকরির নিশ্চয়তা দেয় না। এই পরীক্ষার মাধ্যমে অর্জিত সনদের মেয়াদ থাকে আবার পাঁচ বছর। এ সময়ের মধ্যে কেউ চাকরি না পেলে তাকে আবারও পরীক্ষায় অংশ নিতে হবে। আদালতে রিটকারীর পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট এবিএম নুরুল ইসলাম। সরকার পক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট মোঃ মোতাহার হোসেন সাজু।